

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফারজানা ইয়াছমিন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।


সভার তারিখ ও সময়ঃ ২৭/০৯/২০২২খ্রিঃ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্য ২৭/০৯/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপপরিচালক(অ:দা:)কে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য আহ্বান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্য বিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	মাদক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক ক্যাম্পেইন/ আলোচনাঃ	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব কামরুন্নাহার, উপপরিচালক(অ:দা:), জামালপুর সভাকে জানান, যে স্কুল ও কলেজ গুলোতে বাল্যবিবাহ প্রতিরোধ ও নারী নির্যাতন প্রতিরোধ গৃহীত কার্যক্রম অব্যাহত রাখার প্রতি গুরুত্ব আরোপ করা হয়। উপজেলার বিভিন্ন ইউনিয়নে কিশোর ও কিশোরীরা বিভিন্ন ধরনের সামাজিক সমস্যায় পতিত হয়েছে। তাদের মধ্যে উল্লেখ যোগ্য হলো মাদক সেবক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন বৃদ্ধি পেয়েছে। তাই ইউনিয়নের বিভিন্ন স্থানে উপরোক্ত বিষয়ে প্রতিরোধমূলক ক্যাম্পেইন করা দরকার। আমাদের ছেলে মেয়ে ও অভিভাবকদের নিয়ে সামাজিক সচেতনতা মূলক আলোচনা সভা করার প্রয়োজনীয়তা অপরিসীম বিধায় বিষয়টি সভায় অবহিত করেন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ফারজানা ইয়াছমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারকনং ৩২.০১.৩৯০০.০০১.১৮.১০৪.২২- ৬৯৮

তারিখঃ ২৭/০৯/২০২২খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিসনথি।

(কামরুন্নাহার)

উপপরিচালক(অ:দা:)

ও

সদস্য সচিব

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

জামালপুর সদর, জামালপুর

পরিশিষ্ট “ক”

২৭/০৯/২০২২ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্য বৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী
০১	ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি
০২	মোঃ সাইফুল ইসলাম খান, চেয়ারম্যান, ০১ নং কেন্দ্রীয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
০৩	খন্দকার মোহাম্মদ ফজলুল হক, চেয়ারম্যান, ১৫ নং রশিদপুর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	মোঃ আব্দুল জলিল, চেয়ারম্যান, ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	কামরুন্নাহার, উপপরিচালক(অ:দা:), জামালপুর	সদস্য সচিব